

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩২৯

বিশ্রামগঞ্জ, ২২ ডিসেম্বর, ২০২৩

কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্প রূপায়ণ নিয়ে সিপাহীজলায় কর্মশালা

কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্প রূপায়ণ সহ স্বল্প সঞ্চয়, এনবিএফসি ও সাইবার ক্রাইম বিষয়ে সচেতনতা বাড়াতে আজ বিশ্রামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। অর্থ দপ্তরের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় পুরপরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, সাইবার ক্রাইম শাখার পুলিশ সুপার দশিরাম রিয়াং, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক জে ভি দোয়াতি প্রমুখ। কর্মশালার উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের উদ্যোগে জনগণের সার্বিক কল্যাণে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান শুরু হয়েছে। এই দুই কর্মসূচিতে সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ প্রাপ্তিক এলাকার অস্তিম ব্যক্তির কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। তিনি স্বল্প সঞ্চয় প্রকল্প, এনবিএফসি ও সাইবার ক্রাইম বিষয়ে সচেতনতা বাড়াতে গ্রামীণ এলাকায় ব্যাপক প্রচার অভিযানের উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন ইনস্টিটিউশন অব ফিন্যান্স দপ্তরের অতিরিক্ত সচিব রাখী বিশ্বাস। স্বাগত বক্তব্য রাখেন দপ্তরের আধিকারিক সরেন্দ্র রিয়াং।

\*\*\*\*\*